ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৩৮
খোয়াই, ৮ আগস্ট, ২০২৫

**২৬ আগস্ট খোয়াইয়ে পুর পরিষদ ভিত্তিক মনসামঙ্গল প্রতিযোগিতা**

আজ পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির প্রসিডেন্ট পীযূষ কান্তি চৌধুরীর সভাপতিত্বে পুর পরিষদের কনফারেন্স হলে খোয়াই পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির এক বৈঠকে অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির সদস্যা উষারাণী সিংহ, প্রীতি মজুমদার, পূজা দাস, বর্ণালী দেব, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা প্রমুখ। বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৬ আগস্ট পুর পরিষদের উদ্যোগে স্থানীয় নতুন টাউনহলে পুর পরিষদ ভিত্তিক মনসা মঙ্গল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় পুর এলাকার মোট ১৫টি ওয়ার্ড থেকে শিল্পীগণ তাদের প্রতিযোগী দল নিয়ে অংশগ্রহণ করবেন। বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে স্থায়ী কমিটির সভাপতি পীযূষ কান্তি চৌধুরী নিজস্ব সংস্কৃতির প্রসার ঘটানোর পাশাপাশি তাকে আরও বিকশিত করে তুলতে সকলের প্রতি আহ্বান জানান।

******